



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
সরবরাহ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mofood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০০.০০০০.০৪৬.৫৫.০০১.২০.৫৩

তারিখ: ২ ফাল্গুন ১৪২৭
১৫ ফেব্রুয়ারি ২০২১

বিষয়: খাদ্য বিভাগের খাদ্যশস্য পরিবহনে অনিয়ম রোধ ও স্বচ্ছতা নিশ্চিতকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

সূত্র: দুর্নীতি দমন কমিশনের ০০.০১.০০০০.৫০১.০১.০৯৬.১৭-৫৪৫৩ নং স্মারকের ; ০৮/০২/২০২১ খ্রি: তারিখের পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, দুর্নীতি দমন কমিশন হতে প্রাপ্ত পত্রে দুর্নীতি দমন কমিশন কর্তৃক পরিচালিত একটি অভিযোগ অনুসন্ধানকালে খাদ্য অধিদপ্তরের খাদ্যশস্য পরিবহনের ক্ষেত্রে কিছু অনিয়ম ও অসচ্ছতা পরিলক্ষিত হয় মর্মে উল্লেখ করা হয়েছে। খাদ্য বিভাগের খাদ্যশস্য পরিবহনে অনিয়ম রোধ ও স্বচ্ছতা নিশ্চিতকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে নিম্নোক্ত সুপারিশসমূহ বাস্তবায়ন করা যেতে পারে মর্মে (javascript%3A;) কমিশন মনে করে। সুপারিশসমূহ নিম্নরূপঃ

- (১) পথখাত মজুতের প্রকৃত হিসাব নিরূপণের জন্য খাদ্য অধিদপ্তরের চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগকে ডিজিটাইজড করা সহ দেশের সকল এলএসডি, সিএসডি ও সাইলোতে পর্যাপ্ত সংখ্যক কম্পিউটার, প্রয়োজনীয় সফটওয়্যার ও দক্ষ জনবলের ব্যবস্থাকরণ;
 - (২) সারাদেশে অনলাইনভিত্তিক খাদ্য মজুত ব্যবস্থাপনা ও মনিটরিং কার্যক্রম এবং e-service ব্যবস্থাপনা প্রবর্তনের উদ্যোগ গ্রহণ;
 - (৩) সারাদেশের পথখাতের প্রকৃত চিত্র প্রাপ্তির জন্য দেশের সকল এলএসডি, সিএসডি ও সাইলোতে মজুত খাদ্যশস্যের হিসাব Offline Reporting এর পরিবর্তে Online Reporting চালুকরণ;
 - (৪) সাপ্তাহিক ইনপুটের পরিবর্তে দৈনন্দিন ইনপুটের ব্যবস্থা গ্রহণ;
 - (৫) ইনভয়েস ইস্যু করার সময় DT (Departure Time) এবং ETA (Expected Time of Arrival) উল্লেখ করার নির্দেশনা জারি এবং খাদ্যশস্য পৌঁছাতে নির্ধারিত সময়ের ০৬ ঘন্টার বেশি বিলম্ব হলে বিলম্ব শুল্ক আদায়ের ব্যবস্থা গ্রহণ;
 - (৬) খাদ্যশস্য পরিবহণ ও মনিটরিং কার্যক্রমের উপর পর্যাপ্ত মনিটরিং এর ব্যবস্থা ;
 - (৭) দেশের সকল এলএসডি, সিএসডি ও সাইলো'র মজুদ নিয়মিত নিরীক্ষা করে নিরীক্ষা প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়সহ প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ; এবং
 - (৮) চাল/গমের বস্তায় কার্যকর ও ব্যবহার উপযোগী আধুনিক প্রযুক্তির Barcode/QR code ব্যবহারের উদ্যোগ গ্রহণ।
- ২।এমতাবস্থায়, দুর্নীতি দমন কমিশনের পত্রের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৫-২-২০২১

হরে জান্নাত

সিনিয়র সহকারী সচিব

ফোন: +৮৮০২৯৫৪৬৫০৪

ফ্যাক্স: +৮৮০২৯৫১৪৬৭৮

ইমেইল: dssupply@mofood.gov.bd

মহাপরিচালক

খাদ্য অধিদপ্তর

স্মারক নম্বর: ১৩.০০.০০০০.০৪৬.৫৫.০০১.২০.৫৩/১

তারিখ: ২ ফাল্গুন ১৪২৭
১৫ ফেব্রুয়ারি ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়

১৫-২-২০২১

হরে জান্নাত

সিনিয়র সহকারী সচিব



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd



সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।



১৮-২-২০২১

রেজা মোহাম্মদ মহসিন

অতিরিক্ত পরিচালক (চলাচল)

ফোন: +৮৮-০২-৪১০৫০৬৯৬

ফ্যাক্স: +৮৮-০২-৪১০৫০৬৯৪

ইমেইল: dmss@dgfood.gov.bd

- ১) পরিচালক (সকল), প্রশাসন/সববি/চসসা/হিসাব ও অর্থ/সংগ্রহ/পউকা/প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ২) প্রধান মিলার, পোস্টগোলা ঢাকা।
- ৩) অতিরিক্ত পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর
- ৫) অতিরিক্ত পরিচালক (চলতি দায়িত্ব), এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/রংপুর/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট
- ৭) প্রধান নিয়ন্ত্রক, ঢাকা।
- ৮) সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো/নারায়ণগঞ্জ সাইলো/সাত্তাহার সাইলো/আশুগঞ্জ সাইলো/খুলনা সাইলো/মোংলা সাইলো
- ৯) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা/চট্টগ্রাম

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৩২.০০৩.২০.১৫৭/১(৬৪)

অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতির ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, খাদ্য মন্ত্রণালয়
- ২) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর
- ৩) অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৪) আইন উপদেষ্টা (অতিরিক্ত দায়িত্ব), আইন উপদেষ্টার কার্যালয়, খাদ্য অধিদপ্তর
- ৫) জেলা খাদ্য নিয়ন্ত্রক, ঝিনাইদহ/যশোর/সিলেট/মাগুরা/বাগেরহাট/কুষ্টিয়া/খুলনা/মেহেরপুর/নড়াইল/সাতক্ষীরা/বগুড়া/জয়পুরহাট/নাটোর/চাঁপাইনবাবগঞ্জ/পাবনা/সিরাজগঞ্জ/দিনাজপুর/গাইবান্ধা/নীলফামারী/রংপুর/ঠাকুরগাঁও/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ/ফরিদপুর/গাজীপুর/গোপালগঞ্জ/ক



১৮-২-২০২১

রেজা মোহাম্মদ মহসিন

অতিরিক্ত পরিচালক (চলাচল)